5C

দৈনিক বাংলা

তারিখ 17 JUN 1987
পৃষ্ঠা ... কলাম 2



গতকাল সারা দেশে ৬৮০ জন বহিষ্কার

# দিনাজপুরে পরীক্ষা নিয়ে হাঙ্গামাঃ রংপুরের ডিসিসহ ২৬ জন আহত

( স্টাফ রিপোর্টার )

এইচএসসি র ইংরেজী প্রথম পত্র পরীক্ষার দিনে গতকাল অসদুপায় অবলম্বনের দায়ে সারা দেশে ৬৮০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। দিনাজপুরে হাঙ্গামায় রংপুরের জেলা প্রশাসকসহ ২৬ জন আহত হয়। আহতদের মধ্যে ১৪ জন পুলিশ। সিরাজগঞ্জে ১৩ রাউন্ড ফাঁকা গুলি ছোঁড়ার ঘটনা ঘটেছে।

মানিকগঞ্জে অসদুপায় অবলম্বনে সহায়তার অভিযোগে দুজন ইনভিজিলেটর ২ অধ্যাপককে বহিষ্কার করা হয়। বিভিন্ন স্থানে অপ্রীতিকর ঘটনায় ২৯ ব্যক্তিকে গ্রেফতার করা হয়।

দিনাজপুর থেকে আমাদের প্রতিনিধি জানান: দিনাজপুর কে বি এম কলেজে নকল সরবরাহের ঘটনাকে কেন্দ্র করে পুলিশের সঙ্গে কিছু উচ্ছৃংখল লোকের তিন ঘন্টা খন্ড লড়াই হয়। পুলিশ লাঠি চার্জ করে। এ ঘটনায় ১৮ ব্যক্তিকে গ্রেফতার করা হয়। ইট

৫-এর পৃঃ দ্রঃ

## দিনাজপুরে পরীক্ষা নিয়ে হাঙ্গামা

(প্রথম পৃঃ পর)

পাটকেল নিক্ষেপে গুরুতর আহত ১১ জন পুলিশ কনস্টেবলকে দিনাজপুর পুলিশ হাসপাতালে ভর্তি করা হয়েছে। হাঙ্গামায় কোতওয়ালী থানার ওসির মাথা ফেটে গেছে।

প্রত্যক্ষদর্শীরা জানান: নিষেধাজ্ঞা অমান্য করে নকল সরবরাহে জড়িত এক তরুণকে পুলিশ বাধ দিলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। পরে ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়। পুলিশ সূত্রে জানান হয়: শহরের কে বি এম কলেজ কেন্দ্রের বাইরে বেলা সাড়ে ১১টা থেকে বিকেল ৩টা পর্যন্ত গোলযোগ ও ইটবৃষ্টি চলে।

রংপুরে শহরের উপকণ্ঠে উচ্ছৃংখল লোকদের হামলায় রংপুরের জেলা প্রশাসক, তার দেহরক্ষী, সড়ক বিভাগের একজন প্রকৌশলী ও সহযাত্রী দুজন কিশোর আহত হয়। পর্যটন কেন্দ্র রামসাগর থেকে দিনাজপুর শহরে ফেরার পথে কে বি এম কলেজের কাছে গোলযোগপূর্ণ এলাকা পেরোনোর সময় তারা আক্রান্ত হন।

অনুমান করা হচ্ছে: দিনাজপুরের জেলা প্রশাসকের গাড়ি মনে করে জনতা রংপুরের ডিসির গাড়িতে হামলা চালিয়েছিল: দিনাজপুর সদর হাসপাতাল সূত্রে জানা গেছে: এখানে প্রাথমিক চিকিৎসার পর আহতরা রংপুরে চলে গেছেন। গোলযোগের ঘটনায় ১৮ জনকে গ্রেফতার করা হয়েছে। অসদুপায় অবলম্বনের জন্য দিনাজপুরে জেলার বিভিন্ন কেন্দ্র থেকে ২৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

সিরাজগঞ্জ থেকে দৈনিক বাংলার সংবাদদাতা জানান: কাজীপুরে উপজেলার মেঘাই মনসুর আলী কলেজ কেন্দ্রে এক অপ্রীতিকর ঘটনা ঘটলে পুলিশ ১৩ রাউন্ড ফাঁকা গুলি ছোঁড়ে। ৪ ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে। সিরাজগঞ্জ জেলার ১৪টি কেন্দ্রে বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা ১৬৬।

মেঘাই মনসুর আলী কলেজ কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে জনৈক ছাত্রনেতাকে বহিষ্কার করা হয়েছিল। দুপুরে ১২টার দিকে উক্ত ছাত্রনেতার নেতৃত্বে প্রায় এক হাজার ছাত্রজনতা মিছিল সহকারে পরীক্ষা কেন্দ্রে ঢোকে এবং ছাত্র নেতাটির খাতা ফেরত চায়। ম্যাজিস্ট্রেট এতে অস্বীকৃতি জানালে মিছিলকারীরা উত্তেজিত হয়ে ইটপাটকেল নিক্ষেপ শুরু করে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্যে ম্যাজিস্ট্রেটের নির্দেশে পুলিশ ১৩ রাউন্ড ফাঁকা গুলি ছোঁড়ে।

সিরাজগঞ্জের একমাত্র জামিরতা কলেজ কেন্দ্র থেকেই ৬০ জন পরীক্ষার্থীকে নকল করার দায়ে বহিষ্কার করা হয়। জেলা প্রশাসক জানান: এই কেন্দ্রের বহু পরীক্ষার্থীর রেজিস্ট্রেশনই নেই। কিন্তু তারা পরীক্ষার প্রবেশপত্র পেয়েছে।

মানিকগঞ্জ থেকে স্টাফ রিপোর্টার জানান: অসদুপায় অবলম্বনের দায়ে ৪টি কেন্দ্র থেকে ২৩ জন পরীক্ষার্থী ও নকল করতে সহায়তা দানের অভিযোগে ২ জন ইনভিজিলেটর অধ্যাপককে বহিষ্কার করা হয়। নকল সরবরাহকারী দুজন যুবককে পুলিশ গ্রেফতার করেছে।

যশোর থেকে আমাদের স্টাফ রিপোর্টারের দেয়া খবর: যশোর বোর্ডের ১৪টি কেন্দ্র থেকে মোট ১৫৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। মাইকেল মধুসূদন কলেজ কেন্দ্রের ১০৭ জন পরীক্ষার্থী প্রশ্ন কঠিন—এই অজুহাত দেখিয়ে হল ত্যাগ করে। এরা বাতিলকৃত কেন্দ্রের পরীক্ষার্থী। কর্তৃপক্ষের ধারণা: নকল করার সুযোগ না পেয়ে তারা পরীক্ষা দেয়নি।

দৈনিক বাংলার মুন্সীগঞ্জ সংবাদদাতার খবর: পরীক্ষা কেন্দ্রের চারপাশে ১৪৪ ধারা লংঘন ও নকল সরবরাহের দায়ে ১২ জন বহিরাগতকে সাতশ টাকা জরিমানা করা হয়। পরীক্ষা কেন্দ্রে কড়াকড়িভাবে নিয়ম রক্ষায় ক্ষুব্ধ হয়ে কিছু লোক শিক্ষা মন্ত্রণালয়ের একজন উপসচিবের গাড়ি ভাংচুর করে।